

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, ফেনী
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.feni.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ০২

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

অনলাইনে মনোনয়নপত্র দাখিলের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র ফরম-১ অনুযায়ী সরাসরি বা অনলাইনে মনোনয়নপত্র দাখিল করবেন। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির(২)(খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে :

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করার উদ্দেশ্যে পোর্টালে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র নম্বর বা ভোটার নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে রেজিস্ট্রেশন করতে হবে; রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;

(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারী চেহারা শনাক্তকরণ (Facial Recognition) করতে হবে ;

(গ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং অনুচ্ছেদ ১২ এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ) স্ক্যান করে Portable Document Format (পিডিএফ) আকারে সংযুক্ত করতে হবে। তবে শর্ত থাকে যে, স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ১% ভোটারের সমর্থন সম্বলিত স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নিকট সরাসরি দাখিল করতে হবে ;

(ঘ) প্রার্থী পোর্টালে রক্ষিত অনলাইনে পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন ;

(ঙ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সৃজিত বা প্রদত্ত ক্রমিক নম্বর অনুসারে 'ফরম-১' এর পঞ্চম খন্ড অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করবেন এবং প্রাপ্তি স্বীকার রশিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রার্থীকে প্রেরণ করবেন ;

(চ) দফা (ঘ) এর অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্বীকার, মনোনয়নপত্র বাছাইয়ের স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্ত, প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদ্দসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং উল্লেখিত তথ্যাদি পোর্টালেও প্রদর্শিত হবে; এবং

(ছ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।


20/11/2023

(মুহাম্মৎ শাহীনা আক্তার)
জেলা প্রশাসক, ফেনী

ও


রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন : ০২৩৩৪৪৭৪০০০
dcfeni@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ৯২ (৬৩)

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৪। পুলিশ সুপার, ফেনী
- ০৫। অধিনায়ক, ৪ বিজিবি, জায়লস্কর, ফেনী
- ০৬। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র্যাব-৭, ফেনী
- ০৭। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), ফেনী (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফেনী
- ১০। জেলা তথ্য অফিসার, ফেনী (তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী (জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা, ফেনী
- ১৩। অফিসার ইনচার্জ, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা থানা, ফেনী
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, ফেনী প্রেস ক্লাব
- ১৫। গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের নোটিশ বোর্ডে টাংগানোর জন্য
- ১৬। অফিস কপি।


২০/১১/২০২৩
জেলা প্রশাসক, ফেনী
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন